বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
Bangladesh Development Bank Limited
(A State Owned Commercial Bank)
BDBL
এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট

নং-০৬.৪(১)/৩০/

আগষ্ট ঃ ১১, ২০২১
শ্রাবণ ঃ ২৭, ১৪২৮

মেসার্স হাসান এন্টারপ্রাইজ
আমান উল্লাহ সুপার মার্কেট
১২ নং দোকান
খিলগাঁও রেলগেট
ঢাকা-১২১৪।

মেসার্স নাজমুল ট্রেডার্স
পলওয়েল সুপার মার্কেট
দোকান নং ৬৩
ঢাকা-১০০০।

মেসার্স অহন এন্টারপ্রাইজ
২৩ নং বাড়ী,জিরো গলি,
দক্ষিণগাঁও
ঢাকা-১২১৪।

দি নিউ সুপার স্টার টেইলার্স
বাড়ী নং ২৩৮, মধ্য
বাসাবো,ঢাকা-১২১৪।

লাকী টেইলার্স
৩৫/ডি-৩, উত্তর বসেবো
ঢাকা-১২১৪।

বিষয় ঃ ২০২১ সালে গ্রীষ্মকালীন পোষাক সেলাইয়ের জন্য দরপত্র আহ্বান।

প্রিয় মহোদয়,

ব্যাংকের হেড অফিস ও ঢাকা শহরে অবস্থিত ব্রাঞ্চে ও জোনাল অফিসে কর্মরত ব্যাংক সিকিউরিটি গার্ড, নিরপত্তা প্রহরী, গাড়ীচালক, টেকনিক্যাল এবং অন্যান্য কর্মচারীসহ মোট ৭৮ জন পুরুষ কর্মচারীর জন্য নিম্নে বর্ণিত. বিবরণ ও শর্তাধীনে ২০২১ সালের গ্রীষ্মকালীন পোষাক সেলাইয়ের জন্য আপনাদের প্রতিষ্ঠান হতে নিজস্ব প্যাডে সীলমোহরযুক্ত মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে ঃ-

(১)	ব্যাংক/নিরাপত্তা প্রহরী ১৪ জন ঃ	সংখ্যা	একক মূল্য	মোট মূল্য
(ক)	হালকা নীল/আকাশী রংয়ের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টিং কাপড়ের এক বুক পকেটসহ জন প্রতি ২টি ফুল হাতা চাইনিজ শার্ট ;	২৮ টি		
(খ)	নেভি ব্লু রংয়ের উন্নতমানের টেট্রন-কটন মিশ্রিত কাপড়ের ২ পার্শ্বে এবং পিছনে ১টি পকেটসহ ৩টি পকেট লুপ পদ্ধতির জন প্রতি ২টি ফুল প্যান্ট (প্যান্ট ১.৫˝ চওড়া মাপের বেল্ট ব্যবহার হবে);	২৮ টি		
(২)	গাড়ীচালকসহ অন্যান্য সাব-ষ্টাফ ৫৭ জন ঃ			
(ক)	সাদা রংয়ের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টিং কাপড়ের এক বুক পকেটসহ জন প্রতি ২টি ফুলহাতা চাইনিজ শার্ট;	১১৪ টি		
(খ)	কালো রংয়ের উন্নতমানের টেট্রন-কটন মিশ্রিত কাপড়ের ২ পার্শ্বে এবং পিছনে ১টি পকেটসহ ৩টি পকেট লুপ পদ্ধতির জন প্রতি ২টি ফুল প্যান্ট(প্যান্টে ১.৫˝ চওড়া মাপের বেল্ট ব্যবহার হবে);	১১৪টি		
(৩)	টেকনিক্যাল সাব-ষ্টাফ ৭ জন ঃ			
(ক)	ফিরোজা রংয়ের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টিং কাপড়ের এক বুক পকেটসহ জন প্রতি ২টি ফুলহাতা চাইনিজ শার্ট;	১৪ টি		
(খ)	ড্রাক ব্রাউন রংয়ের উন্নতমানের টেট্রন-কটন মিশ্রিত কাপড়ের ২ পার্শ্বে এবং পিছনে ১টি পকেটসহ ৩টি পকেট লুপ পদ্ধতির জন প্রতি ২টি ফুল প্যান্ট (প্যান্টে ১.৫˝ চওড়া মাপের বেল্ট ব্যবহার হবে);	১৪ টি		

শর্তাবলী ঃ

০১।	দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং-এ প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির সীল স্বাক্ষরসহ দরপত্র জমা দিতে হবে;
০২।	পোষাকে উন্নতমানের সুতা, লাইনিং, চেইন, বক্রম ও বোতাম আপনাদের নিজ ব্যয়ে ব্যবহার করতে হবে এবং দরপত্রের সাথে এ সকল সামগ্রীর নমুনা দাখিল করতে হবে;
০৩।	সেলাইকৃত সকল পোষাক ব্যাংকের এ' ডিপার্টমেন্টে জমা দিতে হবে এবং কোন অবস্থাতেই সংশ্লিষ্ট কর্মচারীগণকে টেইলার্স প্রতিষ্ঠান কর্তৃক কোন পোষাক সরাসরি সরবরাহ করা যাবে না;
০৪।	কার্যাদেশ প্রাপ্ত কৃতকার্য দরদাতাকে অনুমোদিত মোট মূল্যের ৫% পারফরম্যান্স সিকিউরিটি মানি হিসাবে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে "বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড" এর অনুকূলে জমা দিতে হবে যা সম্পূর্ণ পোষাক বিবরণ অনুযায়ী সেলাইয়ান্তে যথাযথভাবে সরবরাহের পর আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;
০৫।	পোষাক অবশ্যই সন্তোষজনকভাবে সেলাই করতে হবে। সেলাইকৃত পোষাকে যদি কোন প্রকার ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হয় তা' হলে উক্ত পোষাকের পরিবর্তে সংশ্লিষ্ট টেইলার্স প্রতিষ্ঠানের নিজ ব্যয়ে অনুরূপ নতুন পোষাক তৈরী করে দিতে হবে;

ক্রমশ পৃষ্ঠা/২

০৬।	দরপত্র দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স ও অন্যান্ন প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত চিত্রলিপি দাখিল করতে হবে;
০৭।	নির্ধারিত সময়ের মধ্যে পোষাক সেলাই ও সরবরাহে ব্যর্থ হলে সময়োত্তীর্ণের পর পারফরম্যান্স সিকিউরিটি মানির অর্থ বাজেয়াপ্ত করাসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে অন্যান্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৮।	পোষাকের পরিমাণ প্রয়োজনবোধে বাড়ানো বা কমানো যেতে পারে এবং এর ফলে উদ্ধৃত প্রতি সেটের সেলাই দরের কোন পরিবর্তন হবে না;
০৯।	পোষাক সেলাইয়ের কাজে ব্যবহৃত আনুষংগিক দ্রব্যাদির ব্যয়ভার সংশ্লিষ্ট টেইলার্স প্রতিষ্ঠানকে বহন করতে হবে;
১০।	দরপত্রে উদ্ধৃত দরপত্রের মেয়াদ ন্যূনতম ৯০(নব্বই) দিন হতে হবে;
১১।	অফিসে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট সকলের পোষাকের মাপ গ্রহণ করতে হবে;
১২।	ব্যাংকের ব্রাঞ্চ ও জোনাল অফিসসমূহে প্রেরিতব্য পোষাকের কাপড় সংশ্লিষ্ট টেইলার্স প্রতিষ্ঠানকে কাপড়ের মূল থান হতে অফিস ওয়ারী কেটে দিতে হবে এবং এ কাজের জন্য কোন অতিরিক্ত পারিশ্রমিক প্রদান করা হবে না;
১৩।	প্রয়োজনবোধে টুকরো কাপড় (কাট-পিস) কার্যাদেশ প্রাপ্ত টেইলার্স প্রতিষ্ঠানকে গ্রহণ করতে হবে;
১৪।	নির্ধারিত সময় সীমার মধ্যে সন্তোষজনকভাবে পোষাক সেলাই ও সরবরাহের পর পে-অর্ডারের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং কোন অবস্থাতেই আংশিক বিল পরিশোধ করা হবে না;
১৫।	প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী বিল হতে আয়কর ও ভ্যাট কেটে রাখা হবে;
১৬।	ব্যাংক প্রতিটি শার্টের জন্য ৪৫˝ বহরের ২.০০ গজ কাপড় এবং প্রতিটি প্যান্টের জন্য ৫৪˝-৫৬˝ বহরের **১.২৫ গজ করে কাপড় সরবরাহ করা হবে;**
১৭।	প্রতিষ্ঠানের সীল ও স্বাক্ষরসহ দরপত্র ১৮/০৮/২০২১ তারিখে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত ব্যাংক ভবনের **(লেভেল-৯)**-এ এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্টে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে এবং নিয়মানুযায়ী টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি সমীপে পেশ করা হবে;
১৮।	অসম্পুর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
১৯।	ব্যাংক কোন কারণ দর্শনো ব্যতীরেকে যে কোন দরপত্র সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ'ক্ষেত্রে **"বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড"**-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে; এবং
২০।	পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (আগষ্ট, ২০১৬ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৬৯-(১) মোতাবেক অভ্যন্তরীন ক্রয় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (Request for Quotation Method) অর্থাৎ ৬৯-(১) বিধি অনুযায়ী আলোচ্য দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

০২। উপরোক্ত শর্তাবলী গ্রহণীয় হলে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিলের জন্য আগ্রহী টেইলার্স প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হ'ল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/-

(আবদুল্লাহ-আল বাসেদ)

ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ

6002 (১) ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি অপারেশন ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। আলোচ্য দরপত্রটি ওয়েবসাইট-এর মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হ'ল।

(২) প্রিন্সিপাল অফিসার-১, এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস,ঢাকা।

ডেপুটি জেনারেল ম্যানেজার